




শেখ হাসিনার পক্ষে লড়াই থেকে সরে দাঁড়ালেন জেড আই খান পান্না



সংগৃহীত ছবি

মানবতাবিরোধী অপরাধের মামলায় ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে আইনি লড়াই না করার সিদ্ধান্ত ঘোষণা করেছেন সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী জেড আই খান পান্না।

বৃহস্পতিবার (২৭ নভেম্বর) বিকেল ৪টার দিকে নিজের ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টে প্রকাশিত এক ভিডিও বার্তায় তিনি এ সিদ্ধান্ত জানান। বার্তায় তিনি বলেন, শেখ হাসিনা যে আদালতের ওপর আস্থা রাখেন না, সেই আদালতে তার পক্ষে দাঁড়ানো তার কাছে গ্রহণযোগ্য নয়। তাই তিনি মামলাটি থেকে সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নিয়েছেন।

রাষ্ট্রনিযুক্ত আইনজীবী হিসেবে নিয়োগ প্রসঙ্গে তিনি জানান, শেখ হাসিনার পক্ষে রাষ্ট্র তাকে যে দায়িত্ব দিয়েছে, তার আনুষ্ঠানিক নিয়োগপত্র এখনো হাতে পৌঁছায়নি। তিনি বলেন, পত্র পাওয়ার পর আনুষ্ঠানিকভাবে পদত্যাগের বিষয়টি ট্রাইব্যুনালকে জানানো হবে।

যদিও শেখ হাসিনার মামলায় লড়বেন না, ভিডিও বার্তায় তিনি জানিয়েছেন যে, দুদকের মামলায় দণ্ডপ্রাপ্ত সজীব ওয়াজেদ জয় ও সায়মা ওয়াজেদ পুতুলের পক্ষে তিনি আইনি সহায়তা চালিয়ে যাবেন। পাশাপাশি সম্প্রতি তার বন্ধু অ্যাডভোকেট ফজলুর রহমানের বিরুদ্ধে করা মামলায়ও তিনি আইনগত লড়াইয়ে পাশে দাঁড়াবেন বলেও জানান।

প্রসঙ্গত, গত ২৩ নভেম্বর বিচারপতি মো. গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বাধীন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ গুম ও নির্যাতনের অভিযোগে করা মানবতাবিরোধী অপরাধের দুই পৃথক মামলায় শেখ হাসিনার পক্ষে রাষ্ট্রনিযুক্ত আইনজীবী হিসেবে জেড আই খান পান্নাকে নিয়োগ দিয়েছিল রাষ্ট্রপক্ষ।